

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
গফরগাঁও, ময়মনসিংহ।

জনস্বাস্থ্য, সেনিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৭/১১/২০২১ খ্রিঃ, সময় : দুপুর ২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কার্যবিবরণীতে কোন সংশোধনি না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অতপর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
২	উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গফরগাঁও অধ্যকার সভায় অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ বৎসরে গফরগাঁও উপজেলায় প্রতি ইউনিয়নে ২৬ টি নলকূপ বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে, ৫০% বরাদ্দ স্থানীয় সংসদ সদস্য কর্তৃক চূড়ান্ত করবেন। অবশিষ্ট ৫০% নলকূপের স্থান চূড়ান্ত করা হবে ইউনিয়ন ওয়াটসান কমিটি ও উপজেলা ওয়াটসান কমিটির সম্মুখে। বরাদ্দ প্রাপ্ত নলকূপ সমূহের সাইটসমূহ নির্বাচনের পূর্বে বিদ্যুৎ নিশ্চিত করতে হবে। কারণ মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইচ্ছার "আমার গ্রাম, আমার শহর" বিনির্মানের লক্ষ্যে রানিং ওয়াটার সাপ্লাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিটি ওয়াটার পয়েন্ট এর জন্য ১০ টি পরিবারের জন্য পানি নিশ্চিত করতে হবে। ইতোমধ্যে দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র মূল্যায়নের কাজ চলমান রয়েছে। অত্র গফরগাঁও উপজেলায় করোনো ভাইরাসের বিস্তার রোধকল্পে ৪টি ওয়াশ বেসিনের নির্মান কাজ সমাপ্ত করা হয়েছে। করোনো ভাইরাস মোকাবেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ইতিমধ্যে ১৭০ কেজি ব্লিচিং পাউডার, ৪১০ টি সাবান এবং ৯০ বোতল হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, তাঁর বিভাগের নিয়মিত কার্যক্রমসমূহ যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেশমা আক্তার)


মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, গফরগাঁও।

তারিখঃ ১৭/১১/২০২১ খ্রিঃ

স্মারক নং- জনস্বাস্থ্য/গ.ম/স্থায়ী কমিটি/২০২১-৫২/৫

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ- পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



১৭.১১.২০২১
মোঃ সাইফুল ইসলাম
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
গফরগাঁও উপজেলা, ময়মনসিংহ।